

**শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট**  
**শ্রেণি- চতুর্থ**

**বিষয়- গণিত**

**একক - দশমিক ভগ্নাংশ ( ধারণা, পরিণত, কথায় / অঙ্কে লেখা)**

**১। সংখ্যা লেখার স্থানীয়মানের ছকটি বল ।**

**উঃ-** সংখ্যা লেখার স্থানীয়মানের ছকটি হল - একক, দশক, শতক, হাজার, অযুত, লক্ষ, নিযুত, কোটি ।

**২। এককের ১০গুণ, ১০০গুণ, ১০০০গুণ বড় ঘরগুলির নাম কী কী ?**

**উঃ-** এককের ১০ গুণ বড় ঘরটির নাম দশক = ১০ ।  
" ১০০ " " " " শতক = ১০০ ।  
" ১০০০ " " " " হাজার = ১০০০ ।

**৩। এককের ১০ ভাগ ছোটো ঘরগুলির নাম কী কী ?**

**উঃ-** এককের ১০ ভাগ ছোটো ঘরটির নাম দশাংশ =  $1/10$  [ সমান ১০ ভাগের  
১ ভাগ ]  
" ১০০ " " " " শতাংশ =  $1/100$  [ সমান ১০০ ভাগের  
১ ভাগ ]  
" ১০০০ " " " " সহস্রাংশ =  $1/1000$  [ সমান ১০০০ ভাগের  
১ ভাগ ]

**৪। পূর্ণ সংখ্যা ও ভগ্নাংশ সংখ্যার স্থানীয়মানের ছক লেখো । [ শতক থেকে ]**

**উঃ-** শতক, দশক, একক, দশাংশ, শতাংশ, সহস্রাংশ ।

৫।ক) স্থানীয়মানের ছকে ১, ১০, ১০০ নীচে নীচে বসাও,ঐ একই ছকে  $\frac{১}{১০}, \frac{১}{১০০}, \frac{১}{১০০০}$  নীচে নীচে বসাও।

খ) যোগ করো।

গ) যোগফল কথায় লেখো।

ঘ) দশমিক বিন্দু কাকে বলে?

উঃ-ক) শতক দশক একক দশাংশ শতাংশ সহস্রাংশ

১

[ একক ]

১ ০

[ এককের ১০ গুণ ]

১ ০ ০

[ এককের ১০০ গুণ ]

$\frac{১}{১০}$

[ এককের সমান দশ  
ভাগের ১ ভাগ ]

$\frac{১}{১০০}$

[ এককের সমান একশ  
ভাগের ১ ভাগ ]

+

$\frac{১}{১০০০}$  [ এককের সমান হাজার

ভাগের ১ ভাগ ]

খ)

১

১

১

$\frac{১}{১০}$

$\frac{১}{১০০}$

$\frac{১}{১০০}$

\_\_\_\_\_

\_\_\_\_\_

পূর্ণ সংখ্যা

ভগ্নাংশ সংখ্যা

[ পূর্ণ সংখ্যা ও ভগ্নাংশ সংখ্যা এইভাবে একসাথে লেখা যায়না তাই পূর্ণ সংখ্যা ও ভগ্নাংশ সংখ্যার মাঝে একটি বিন্দু বসিয়ে একসাথে লেখা হয়। ]

১ ১ ১.১১১

বিন্দুটির নাম দশমিক বিন্দু।

গ) একে কথায় লিখলে হয় - একশত এগার দশমিক এক এক এক অথবা একশত এগার পূর্ণ এক দশাংশ এক শতাংশ এক সহস্রাংশ।

ঘ) পূর্ণ সংখ্যা ও ভগ্নাংশ সংখ্যা আলাদা করে বোঝানোর জন্য এককের ডান পাশে যে বিন্দু ব্যবহার করা হয় তাকে বলে দশমিক বিন্দু।

## ৬। দশমিক ভগ্নাংশ কাকে বলে ?

উঃ- দশমিক বিন্দু ব্যবহার করে ১০, ১০০, ১০০০ ইত্যাদি হ্রবিশিষ্ট সামান্য ভগ্নাংশের রূপান্তরিত রূপকে বলে দশমিক ভগ্নাংশ। যেমন -  $১/১০ = .১$

$$১/১০০ = .০১$$

$$১/১০০০ = .০০১$$

৭। কথায় / অঙ্কে লেখা :-

কথায় লেখা	অঙ্কে লেখা
	হা শ দ এ . দশাংশ শতাংশ সহস্রাংশ
ক) তিন হাজার দুই দশমিক চার তিন	ক) ৩ ০ ০ ২ . ৪ ৩
খ) এক হাজার একশ উনষাট পূর্ণ সাত শতাংশ তিন সহস্রাংশ	খ) ১ ১ ৫ ৯ . ০ ৭ ৩
গ) সাত হাজার চারশ আট পূর্ণ সাত সহস্রাংশ	গ) ৭ ৪ ০ ৮ . ০ ০ ৭
ঘ) পাঁচ হাজার উনআশি দশমিক তিন শূন্য নয়	ঘ) ৫ ০ ৭ ৯ . ৩ ০ ৯
ঙ) আট হাজার এক পূর্ণ এক দশাংশ এক শতাংশ এক সহস্রাংশ	ঙ) ৮ ০ ০ ১ . ১ ১ ১

৮। পরিণত কর (সামান্য ভগ্নাংশে) :-

ক)  $.৫ = ৫/১০$

খ)  $.০৫ = ৫/১০০$

গ)  $.০০৫ = ৫/১০০০$

ঘ)  $১.০৫ = ১ \frac{৫}{১০০}$

ঙ)  $১১১.০০৮ = ১১১ \frac{৮}{১০০০}$

চ)  $৩০.৫ = ৩০ \frac{৫}{১০}$

[★মনে রাখতে হবে দশমিক ভগ্নাংশকে সামান্য ভগ্নাংশে নিতে হলে সংখ্যাটিকে দশমিক যুক্ত করে লব করতে হবে এবং দশমিকের পর যে কটি সংখ্যা থাকবে ১ - এর পর ততঘর '০' বসিয়ে হর করতে হবে।]

৯। পরিণত কর (দশমিক ভগ্নাংশে) :-

ক)  $৫/১০ = .৫$

খ)  $৫/১০০ = .০৫$

গ)  $৫/১০০০ = .০০৫$

ঘ)  $১১ \frac{৯}{১০০০} = ১১.০০৯$

ঙ)  $১২১ \frac{৫৯}{১০০} = ১২১.৫৯$

চ)  $১২ \frac{৬৭}{১০০০} = ১২.০৬৭$

[★মনে রাখতে হবে হরে যত গুলি'০'থাকবে লবের ততঘর বাঁদিকে দশমিক বসিয়ে দশমিক ভগ্নাংশে পরিণত করতে হবে ।]

**বিঃদ্রঃ**

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।